ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০-২-৯৭ ইং তারিখের সভার কার্যবিবরণী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাসিক সভা ২০-২-৯৭ ইং বেলা ১২-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল আব্দুস সালাম চৌধুরী এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ :-

| | | | |
|---|---|---|---|
| ১। | ব্রিগেডিয়ার আহমেদ আলী<br>এস ই এম ও<br>ও<br>অধিনায়ক<br>সম্মিলিত সামরিক হাসপাতাল<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ২। | ক্যাপ্টেন শহীদুজ্জামান খান(জ)(সিডি), পিএসসি,<br>অধিনায়ক<br>বি এন এস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৩। | গ্রুপ ক্যাপ্টেন এম আলাউদ্দিন চৌধুরী, পিএসসি,<br>অধিনায়ক<br>বি এ এফ বেস বাশার<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৪। | লেঃ কর্ণেল মোঃ মহিদুর রহমান, পিএসসি,<br>সি এম ই এস(আর্মি)<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| ৫। | জনাব মোঃ আজিজ খান<br>১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৬। | ফ্লাঃ লেঃ এ বি এম এ রশিদ(অবঃ)<br>৩২, ডি ও এইচ এস বনানী<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৭। | জনাব মোঃ ইকরামুল হক<br>প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | - সদস্য | - উপস্থিত |
| ৮। | জনাব মোঃ আব্দুল হক<br>ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | - সেক্রেটারী | - উপস্থিত |

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসুচীর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**প্রস্তাব নং-১ঃ** বিগত ৩১-১২-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিগত ৩১-১২-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে অনুমোদন করা হইল। পর্যালোচনাকালে ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের কচুক্ষেত-বনানী সংযোগ সড়ক নির্মাণের ফলে ক্ষতিগ্রস্থ ১০৭টি দোকান পুনর্বাসনকল্পে পেশকৃত প্রতিবেদনটি সম্পর্কে সভায় বিশদ আলোচনা করা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের মাছ, মাংস ও সব্জি দোকানের জন্য ইতোপূর্বে নির্মিত চারতলা ভিত্তি বিশিষ্ট ভবনটির উপর দ্বিতীয় এবং তৃতীয় তলা নির্মাণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। ইহাছাড়া আরও সিদ্ধান্ত গৃহীত হইল যে, উক্ত ভবন-

২য় পৃঃদ্রঃ

সংলগ্ন উত্তর পার্শ্বের খালি জায়গায় দোকান নির্মাণ করিয়া ক্ষতিগ্রস্থ দোকানগুলি পুনর্বাসন করা হইবে ।
এখানে উল্লেখ্য যে, কচুক্ষেত-বনানী সংযোগ সড়ক নির্মাণের ফলে মোট ১০৯টি দোকান ভাংগা পড়ে
যাহার মধ্যে ৬টি চাউলের আড়ৎ এবং অবশিষ্ট ১০৩টি বিভিন্ন ট্রেডের দোকান রহিয়াছে ।
প্রতিবেদনের সংগে পেশকৃত নকশা পর্যালোচনায় দেখা যায় যে, মাছ, মাংস ও সব্জির ভবনের উপর
প্রতি তলায় টয়লেটের সুবিধাসহ ৪৮টি করিয়া দোকান নির্মাণ করা যাইবে এবং ইহাতে দ্বিতীয় ও
তৃতীয় তলায় মোট ৯৬টি দোকান নির্মাণ করা যাইবে । অবশিষ্ট ১৩টি দোকান নির্মাণের জন্য
উক্ত ভবন সংলগ্ন উত্তর পার্শ্বের খালি জায়গাটি সর্বসম্মতিক্রমে নির্ধারণ করা হইল । এমতাবস্থায়
জরুরী ভিত্তিতে প্রস্তাবিত ১০৯টি দোকানের নকশা ও মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক
ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের দায়িত্ব সি ই ওকে প্রদান করা হইল ।

**প্রস্তাব নং-২ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ডিসেম্বর'৯৬ ইং মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ডিসেম্বর'৯৬ মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া গেল ।

**প্রস্তাব নং-৩ঃ** ডিসেম্বর'৯৬ ও জানুয়ারী'৯৭ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ডিসেম্বর'৯৬ ও জানুয়ারী'৯৭ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল ।

**প্রস্তাব নং-৪ঃ** ট্রেড লাইসেন্স ইস্যু/বাতিল প্রসংগে সেনাসদর, ঢাকা সেনানিবাসের ১২-১২-৯৬ ইং তারিখের
ট্রেড লাইসেন্স ইস্যু/বাতিল প্রসংগে সেনাসদর, ঢাকা সেনানিবাসের ১২-১২-৯৬ ইং তারিখের ৩৯১৭/২২/অফিসার/এমকিউ-২ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি সম্পর্কে সভায় বিশদভাবে আলোচনা করা হইল । আলোচনাকালে দেখা যায় যে, ঢাকা
সেনানিবাস এলাকাস্থিত ডি ও এইচ এস সমূহের কিছু কিছু বাড়ীতে বাণিজ্যিক অফিস ও ব্যবসা
প্রতিষ্ঠান রহিয়াছে যাহা কোনভাবেই কাংখিত নহে । এমতাবস্থায় বর্তমান সময় হইতে উক্ত
এলাকায় কোন বাণিজ্যিক অফিস ও ব্যবসা প্রতিষ্ঠানের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড হইতে কোন প্রকার
ট্রেড লাইসেন্স ইস্যু করা হইবে না এবং ইতোমধ্যে কোন ট্রেড লাইসেন্স প্রদান করা হইয়া থাকিলে
উহা নবায়ন করা যাইবে না মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল ।

**প্রস্তাব নং-৫ঃ** শহীদ সাত্তার মার্কেটের ৮ ও ৯ নং দোকানের সারচার্জ মওকুফের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্তের জন্য জনাব মোঃ নেয়ামত উল্লা(সাবু) এর আবেদন পেশ করা গেল ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি সভায় আলোচনান্তে শহীদ সাত্তার মার্কেটের ৮ ও ৯ নং দোকানের সারচার্জ বাবদ ৩,০০০/- টাকা আদায়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল ।

**প্রস্তাব নং-৬ঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটস্থ বি/২৭ নং দোকানের বকেয়া ভাড়ার উপর ০৯-১১-৯৬ ইং তারিখের
২১ নং বোর্ড সিদ্ধান্তের প্রেক্ষিতে ৮,০০০/- টাকা সারচার্জ পরিশোধ করার পত্র জারী করা হয় ।
কিন্তু বরাদ্দ লাভকারী উক্ত সারচার্জ পরিশোধ না করিয়া ১৪-১-৯৭ ইং তারিখের আবেদনে তাঁহার
নিজ ব্যয়ে দোকানটি মেরামতকৃত টাকার সহিত সমন্বয় করার অনুরোধ জানান । এ ব্যাপারে
সিদ্ধান্তের জন্য তাহার আবেদনপত্র পেশ করা গেল ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি সভায় আলোচনান্তে ক্যান্টনমেন্ট সুপার মার্কেটস্থিত বি/২৭ নং দোকানের মালিকের সারচার্জ সমন্বয়ের আবেদনটি বিবেচনা করা গেল না মর্মে সিদ্ধান্ত গৃহীত হইল ।

**প্রস্তাব নং-৭ঃ** সেনানিবাসের নিরাপত্তা জনিত কারণে ডি ও এইচ এস সহ ক্যান্টনমেন্ট বাজার এলাকার বাড়ীভাড়া দেওয়ার ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২২-১-৯৭ ইং তারিখের ১৩০০/৭০/ই নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল ।

৩য় পৃঃ দ্রঃ

ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের বর্তমান ৩টি টেবিল ভাংগিয়া গিয়া

**প্রস্তাব নং-৮ঃ** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের সচল রাখার জন্য আনুমানিক
মেরামতের অযোগ্য হইয়া পড়িয়াছে। অপারেশন থিয়েটারের সচল রাখার জন্য আনুমানিক
৭,০০,০০০/- টাকা ব্যয়ে একটি ৩টি টেবিল ক্রয় করার বিষয়টি অনুমোদন করণ প্রসংগে
চীফ মেডিক্যাল অফিসারের ২৩-১-৯৭ ইং তারিখের আবেদনপত্র উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য আনুমানিক ৭,০০,০০০/- টাকা ব্যয়ে একটি
অপারেশন টেবিল ক্রয়ের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের ক্যান্টিনটি ০১-৩-৯৭ ইং হইতে ১(এক) বৎসরের জন্য ইজারার

**প্রস্তাব নং-৯ঃ** ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের ক্যান্টিনটি ০১-৩-৯৭ ইং হইতে ১(এক) বৎসরের জন্য ইজারার
নিমিত্তে দরপত্র আহবান করা হইলে ১৭-২-৯৭ ইং তারিখে প্রাপ্ত ৫(পাঁচ)টি দরপত্রের মধ্যে
জনাব মোঃ আনোয়ার হোসেন এর সর্বোচ্চ দরপত্র অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত
গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের ক্যান্টিনটি ০১-৩-৯৭ ইং হইতে ১(এক) বৎসরের জন্য ইজারার
নিমিত্তে সর্বোচ্চ দরদাতা জনাব মোঃ আনোয়ার হোসেন, ১৫৬/এ, পূর্ব কাফরুল, ঢাকা এর প্রদত্ত
মাসিক ১,২১০/-(এক হাজার দুইশত দশ) টাকার দরটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য-একটি বাংলা অলিম্পিয়া টাইপ রাইটার মেশিন ক্রয় করার নিমিত্তে

**প্রস্তাব নং-১০ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য-একটি বাংলা অলিম্পিয়া টাইপ রাইটার মেশিন ক্রয় করার নিমিত্তে
দরপত্র আহবান করা হইলে গত ২৮-১-৯৭ ইং তারিখে মোট ৪(চার)টি দরপত্র পাওয়া যায়।
তন্মধ্যে মেসার্স ব্রাদার্স ইন্টারন্যাশনাল কর্তৃক দাখিলকৃত ২৮,৭০০/- টাকার সর্বনিম্ন দরপত্র
অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য একটি বাংলা অলিম্পিয়া টাইপ রাইটার মেশিন ক্রয়ের জন্য মেসার্স
ব্রাদার্স ইন্টারন্যাশনাল কর্তৃক পেশকৃত ২৮,৭০০/- টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন
করা হইল।

মিসেস হোসনে আরা বেগম ৩১/৭ নাবিক কলোনী, ঢাকা ক্যান্টনমেন্ট এর স্বামী-মরহুম মোঃ

**প্রস্তাব নং-১১ঃ** মিসেস হোসনে আরা বেগম ৩১/৭ নাবিক কলোনী, ঢাকা ক্যান্টনমেন্ট এর স্বামী-মরহুম মোঃ
মজিবুর রহমান ভূঁইয়া প্রাক্তন সহকারী পি সি নং-১০২, নৌ-বাহিনী এর কবর পাকা করার
ব্যাপারে তাহার ২৮-১২-৯৬ ইং তারিখের আবেদন পত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** মিসেস হোসনে আরা বেগম ৩১/৭ নাবিক কলোনী, ঢাকা ক্যান্টনমেন্ট এর স্বামী-মরহুম মোঃ
মজিবুর রহমান ভূঁইয়া প্রাক্তন সহকারী পি সি নং-১০২, নৌ-বাহিনী এর কবর পাকা করার
ব্যাপারে তাহার ২৮-১২-৯৬ ইং তারিখের আবেদন পত্র বিবেচনান্তে অনুমোদন করা গেল।

**প্রস্তাব নং-১২ঃ** এ কে এম শফিকুল করিম ভূঁইয়া, এসও-১, (পি) পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি র শাখা, সেনাসদর, ঢাকা
সেনানিবাস এর মেয়ে মরহুমা তানিয়া করিমের কবর পাকা করার ব্যাপারে তাহার ০১-১-৯৭ ইং
তারিখের আবেদনপত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** এ কে এম শফিকুল করিম ভূঁইয়া, এসও-১, (পি) পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি র শাখা, সেনাসদর, ঢাকা
সেনানিবাস এর মেয়ে মরহুমা তানিয়া করিমের কবর পাকা করার ব্যাপারে তাহার ০১-১-৯৭ ইং
তারিখের আবেদন পত্র আলোচনান্তে অনুমোদন করা গেল না।

**প্রস্তাব নং-১৩ঃ** মেজর তেহসিন হাসান, পিএসসি, টি সিগন্যালস, জেনারেল অফিসার-২, সিগন্যাল ডাইরেক্টরেট,
আর্মি হেড কোয়ার্টারস এর পিতা-মরহুম ক্যাপ্টেন আব্দুল মান্নান(অবঃ) এর কবর পাকা করার
ব্যাপারে তাহার ০৭-১২-৯৬ ইং তারিখের আবেদন পত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** মেজর তেহসিন হাসান, পিএসসি, টি সিগন্যালস, জেনারেল অফিসার-২, সিগন্যাল ডাইরেক্টরেট,
আর্মি হেড কোয়ার্টারস এর পিতা-মরহুম ক্যাপ্টেন আব্দুল মান্নান(অবঃ) এর কবর পাকা করার
ব্যাপারে তাহার ০৭-১২-৯৬ ইং তারিখের আবেদনপত্র বিবেচনান্তে অনুমোদন করা গেল।

৪র্থ পৃঃদ্রঃ

প্রস্তাব নং-১৪: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার গভীর নলকূপ স্থাপনের কাজটি তদারকী করণের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত:- ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার গভীর নলকূপ স্থাপনের কাজটি তদারকী করণের ব্যাপারে নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠন করা হইল:-

(ক) ফ্লাঃলেঃ এ বি এম এ রশিদ(অবঃ) সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। - আহবায়ক

(খ) মেজর মোঃ আব্দুর রশিদ আকন্দ এস এইচ ও ঢাকা সেনানিবাস। - সদস্য

(গ) সি এম ই এস(আর্মি) ঢাকা সেনানিবাস এর একজন প্রতিনিধি। - সদস্য

উপরোক্ত কমিটি কাজটি তদারক করিয়া যথাসময়ে প্রতিবেদন পেশ করিবেন।

প্রস্তাব নং-১৫: ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে ১১০০০ ভোল্টস উচ্চচাপ বিদ্যুৎ লাইন স্থাপনের কাজ মেসার্স মহি এন্ড ব্রাদার্স কর্তৃক সম্পন্ন হওয়ায় কাজটি বুঝিয়া নেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত:- অদ্যকার সভার ৩৭ নং সিদ্ধান্তমূলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্পসমূহ সম্পন্ন হওয়ার পর বুঝিয়া নেওয়ার জন্য গঠিত ট্যান্ডিং কমিটি কর্তৃক এ কাজ বুঝিয়া নেওয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১৬: মহাখালী ডি ও এইচ এস এলাকায় ২'-০'' টিউব লাইট এর স্থলে ৪'-০'' টিউব লাইট সেট স্থাপনের কাজ মেসার্স বাহার ট্রেডিং ইন্টারন্যাশনাল কর্তৃক সম্পন্ন হওয়ায় কাজটি বুঝিয়া নেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত:- অদ্যকার সভার ৩৭ নং সিদ্ধান্তমূলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্পসমূহ সম্পন্ন হওয়ার পর বুঝিয়া নেওয়ার জন্য গঠিত ট্যান্ডিং কমিটি কর্তৃক এ কাজ বুঝিয়া নেওয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১৭: ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের জন্য হ্যালোজেন বাল্ব সরবরাহের দরপত্র আহবান করা হইলে ১৭-২-৯৭ ইং তারিখে মোট ৫(পাঁচ)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে এ বি হোসেন সার্জিক্যাল কর্তৃক দাখিলকৃত ৯৩,৭৫৬/-(তিরানব্বই হাজার সাতশত ছাপান্ন) টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ। দরপত্রসমূহ উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্ত:- ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য হ্যালোজেন বাল্ব সরবরাহের দরপত্র আহবান করা হইলে ১৭-২-৯৭ ইং তারিখে মোট ৫(পাঁচ)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে এ বি হোসেন সার্জিক্যাল কর্তৃক দাখিলকৃত ৯৩,৭৫৬/-(তিরানব্বই হাজার সাতশত ছাপান্ন) টাকার দরটি সর্বনিম্ন হওয়ায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-১৮: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত প্রকল্পের মূল্যানুমান ও সর্বনিম্ন দর অনুমোদন করণ:

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১) | বনানী ডি ও এইচ এস এলাকায় ২'-০'' টিউব লাইটের পরিবর্তে ৪'-০'' টিউব লাইট সেট স্থাপন করণ। = | ১,৮৫,০০০/- | মেসার্স বাহার ট্রেডিং ইন্টারন্যাশনাল। | ১০% উর্ধে |
| (২) | ঢাকা সেনানিবাসস্থ বি এ এফ কুর্মিটোলা এলাকা এবং মিরপুর সেনানিবাসে ঝড়ে ক্ষতিগ্রস্ত নিরাপত্তা বাতি পুনঃস্থাপন করণ। = | ২,০০,০০০/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৯.৫০% উর্ধে |
| (৩) | শহীদ মঈনুল রোডে নিরাপত্তা বাতি স্থাপন করণ। = | ৯০,১১৮/- | মেসার্স আমিন ব্রাদার্স | ১০% উর্ধে |

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ইং অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (৪) | সোডিয়াম বাতি মেরামতের জন্য স্কাফলডিং মইরি-মডিফিকেশন করণ | = ৪৫,০০০/- | জয়নাল আবেদীন এন্ড কোং লিঃ | ৪৪,৫০০/-টাকা |
| (৫) | ক্যান্ট বাজার এলাকাস্থ ১০৩ নং বাসায়= ফেরসিমেন্ট পানির ট্যাংক ও ফিটিংস স্থাপন করণ। | ৮,৪৬৪/- | মেসার্স এম আর আমিন ট্রেডার্স। | ৯% উর্ধে |
| (৬) | ক্যান্ট বাজার এলাকার ৪৮ নং ভবনের ৬টি বাসস্থান মেরামত ও সংস্কার করণ | = ৪২,৪৭৯/- | মেসার্স ফরিদা ট্রেডার্স | ৮% উর্ধে |
| (৭) | ক্যান্ট বাজার এলাকার ডাঃ রেজিনা হোসেনের বাসস্থান মেরামত ও সংস্কার করণ। | = ৪৫,৯১৫/- | মেসার্স বি এম ট্রেডার্স | ৭% উর্ধে |
| (৮) | ক্যান্ট বাজার এলাকার বিল্ডিং নং-৮৭ এর নীচতলার দুই অংশ দোতলার একাংশ মেরামত ও সংস্কার করণ। | = ৩৬,৬১৭/- | মেসার্স খান ট্রেডার্স | ৭% উর্ধে |
| (৯) | ক্যান্ট বাজার এলাকার ৯৭ নং বাসার নীচতলার এক অংশ, দ্বিতীয় তলার দুই অংশ এবং তৃতীয় তলার এক অংশের মেরামত ও সংস্কার করণ। | = ২২,৮০০/- | মেসার্স হক এন্টারপ্রাইজ | ৯.৭৫% উর্ধে |
| (১০) | ক্যান্ট বাজার এলাকার ৯১ নং ভবনের নীচতলা ও দোতলার মেরামত ও সংস্কার করণ। | = ৪৮,৩৫৭/- | মেসার্স আলম ব্রাদার্স | ৮% উর্ধে |
| (১১) | ক্যান্ট বাজার এলাকার ১০৮ নং বাসার= তৃতীয় তলার মেরামত ও সংস্কার করণ। | ১৪,৮৫১/- | মেসার্স রোজগার ট্রেডিং কর্পোরেশন। | ৬% উর্ধে |
| (১২) | ক্যান্ট বোর্ড অফিস সংলগ্ন চতুর্থ শ্রেণীর স্টাফ কোয়ার্টার নং-১, ২, ৩, ও ৪ বাসা মেরামত ও সংস্কার করণ। | = ৩৮,১১১/- | মেসার্স সাহাবুদ্দিন এন্টারপ্রাইজ | ১১.৭৫% উর্ধে |
| (১৩) | ক্যান্ট বোর্ড গ্যারেজের সংলগ্ন চতুর্থ শ্রেণীর= বাসা নং-১ও ২ এর মেরামত ও সংস্কার করণ। | ২২,০৯০/- | মেসার্স লাকী ট্রেডার্স | ৭% উর্ধে |
| (১৪) | ক্যান্ট বাজার এলাকার বাসা ৪/এ/২ এর= মেরামত ও সংস্কার করণ। | ২২,৭৩২/- | মেসার্স হাবিব এন্ড সন্স | ৭% উর্ধে |
| (১৫) | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর দোতলা নির্মাণের পুনঃ দরপত্র। | =১৭,২৫,৮২৫/- | মেসার্স দি ইউনিক ইন্জিনিয়ারিং ওয়ার্কস | ১৯.৫০ উর্ধে |
| (১৬) | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর আসবাব পত্র ক্রয় বাবদ | = ৩,৯৬,১২৬/- | মেসার্স নাহার ট্রেডিং ইন্টারন্যাশনাল | ১১.৯৫% উর্ধে |
| (১৭) | ক্যান্ট বোর্ড অফিসের প্রবেশ রাস্তা মেরামত ও কার্পেটিং করণ। | = ৪,২৬,৪১৪/- | মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট। | ১৯% উর্ধে |
| (১৮) | ক্যান্ট বোর্ড বিল্ডিং নং-৭ এর মেরামত ও রক্ষাবেক্ষণ করণ। | = ১,৮০,৫৮৪/- | মেসার্স গাজী এন্ড কোং লিঃ | ৩৬% নিম্নে |
| (১৯) | ক্যান্ট বাজার এলাকার ৬৪/এ, ৬৪/বি, ৬৪/সি ও ৬৪/ডি নং বাসস্থানের মেরামত ও রক্ষাবেক্ষণ করণ। | = ১,৩৬,৯৬৪/- | মেসার্স বসুন্ধরা টেডার্স | ১৫% নিম্নে |
| (২০) | ক্যান্ট বাজার এলাকার ৬৪/ই হইতে ৬৪/জে নং বাসার মেরামত ও রক্ষাবেক্ষণ। | = ৮৬,৫১১/- | মেসার্স মুক্তি প্রকৌশলী সংস্থা। | ১২% নিম্নে |
| (২১) | ক্যান্ট বাজার এলাকার ২৫/১ হইতে ২৫/৪ নং বাসস্থানের মেরামত ও রক্ষাবেক্ষণ করণ। | = ১,৯২,৯৪৩/- | মেসার্স গাজী এন্ড কোং লিঃ | ৩৫% নিম্নে |
| (২২) | ক্যান্ট বাজার এলাকার ১০০-১০১ নং ভবনের দ্বিতীয় ও তৃতীয় তলার মেরামত ও রক্ষাবেক্ষণ করণ। | = ৭০,৫২২/- | মেসার্স এস এন্টারপ্রাইজ<br>মেসার্স আমিন ব্রাদার্স | উভয়ে ৫% নিম্নে |

৬ষ্ঠ পৃঃ দ্রঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (২৩) | ক্যান্ট বাজার এলাকার ৯২ নং ভবনের নীচ তলা ও দোতলার মেরামত ও রক্ষণাবেক্ষণ করণ। | = ৬৬,৫৩৬/- | মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ | ১২% নিম্নে |
| (২৪) | ক্যান্ট বাজার এলাকার ২৬/ডি নং বাসস্থানের মেরামত ও রক্ষণাবেক্ষণ করণ। | = ১,৪১,৭৬২/- | মেসার্স আর আর এন্টারপ্রাইজ | ১০% নিম্নে |
| (২৫) | ক্যান্ট বোর্ড অফিস মেরামত ও রক্ষণাবেক্ষণ করণ। | = ১,৫০,০০০/- | মেসার্স গাজী এন্ড কোং লিঃ | ৩০% নিম্নে |
| (২৬) | ক্যান্ট বাজার এলাকার ৪/এ হইতে ৪/ই নং বাসস্থানের মেরামত ও রক্ষণাবেক্ষণ। | = ১,৫৮,৯৩৮/- | মেসার্স গাজী এন্ড কোং লিঃ | ৩২% নিম্নে |
| (২৭) | ক্যান্ট জেনারেল হাসপাতাল মেরামত ও রক্ষণাবেক্ষণ করণ। | = ১,৫০,০০০/- | মেসার্স গাজী এন্ড কোং লিঃ | ৩৮% নিম্নে |
| (২৮) | জোয়ার সাহারা ডি ও এইচ এস প্রকল্পের দ্বিতীয় ধাপে প্লটের সীমানা পিলার তৈয়ারী করণ। | = ৪০,২৯২/- | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | ১২% উর্ধে |
| (২৯) | আদর্শ বিদ্যা নিকেতন, মানিকদী র মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | = ২৬,২০৬/- | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ | ৮% উর্ধে |
| (৩০) | শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের মূল্যানুমান ও দরপত্র অনুমোদন। | = ২,২২,২৩৯/- | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ | ৫% উর্ধে |
| (৩১) | জোয়ার সাহারা ডি ও এইচ এস এর পূর্ব প্রান্তে নব-নির্মিত সীমানা প্রাচীরের নীচে ফাঁকা অংশ বন্ধ করণ। | = ৫,০২,২৮১/- | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ১৪.৯৫% উর্ধে |
| (৩২) | ক্যান্ট বোর্ড উচ্চ বিদ্যালয়, মিরপুর এর ৩(তিন)টি ভবনের মেরামত ও রক্ষণাবেক্ষণ করণ। | = ১,১০,০০৭/৮৯<br>= ৩৪,৩৯১/১০ (নন-সিডিউল)<br>= ১,৪৪,৩৯৯/- | মেসার্স পেয়ার আহমেদ এন্ড ব্রাদার্স। | ১৪% উর্ধে<br>৪৪,৭০৮/৪৩ টাকা (নন-সিডিউল) |

গৃহীত সিদ্ধান্তঃ- (১) ৭% উর্ধ দর অনুমোদিত।
(২) ৭% উর্ধ দর অনুমোদিত।
(৩) ৭% উর্ধ দর অনুমোদিত।
(৪) ৪৪,৫০০/-টাকা অনুমোদিত।
(৫) ৬% উর্ধ দর অনুমোদিত।
(১৫) ১২% উর্ধ দর অনুমোদিত।
(১৬) ৫% উর্ধ দর অনুমোদিত।
(১৭) ৫% উর্ধ দর অনুমোদিত।
(২৮) ১০% উর্ধ দর অনুমোদিত।
(৩১) ১০% উর্ধ দর অনুমোদিত।

ইহাছাড়া ক্রমিক নং-৬,৭,৮,৯,১০,১১,১২,১৩,১৪,১৮,১৯,২০,২১,২২,২৩,২৪,২৫, ২৬,২৭,২৯,৩০,ও ৩২ অর্থাৎ এই ২২টি কাজ একই ধরণের অর্থাৎ মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ।

৭ম পৃঃ দ্রঃ

এই ২২টি কাজ সম্পাদন করার জন্য ভিন্ন ভিন্নভাবে বিভিন্ন ঠিকাদার ভিন্ন ভিন্ন দর প্রদান করিয়াছেন। কাজগুলির জন্য প্রাপ্ত দরপত্র পর্যালোচনা করিয়া দেখা যায় যে, গাজী এন্ড কোং লিঃ ২৭ নং এমমিকের কাজ সম্পাদনের জন্য এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ মোতাবেক ৩৮% নিম্ন দর প্রদান করিয়াছেন। বিষয়টি সভায় বিশদ আলোচনা করা হইল। আলোচনায় জানা যায় যে, একই ধরনের কাজ একই সময় সম্পাদন করা হইলে সর্বনিম্ন দরে সম্পাদন করাই বিধি সম্মত। উক্ত প্রেক্ষিতে যেহেতু একই ধরনের মেরামত ও রক্ষণাবেক্ষণের ২২টি কাজের মধ্যে একটি কাজের জন্য এম ই এস সিডিউল ১৯৯৫ এর ৩৮% নিম্ন দর পাওয়া গিয়াছে, সেহেতু সকল কাজ সম্পাদনের জন্য একই দর নির্ধারণ হওয়া আবশ্যক বলিয়া সভায় সকল সদস্যবৃন্দ অভিমত ব্যক্ত করেন। ইহাছাড়া গাজী এন্ড কোং লিঃ এর পক্ষে এ কে এম পাটোয়ারী এই মর্মে লিখিতভাবে উপরোক্ত ২২টি মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ ৩৮% নিম্নদরে সম্পাদন করিতে সম্মত আছেন মর্মে বোর্ডের নিকট একটি আবেদন পেশ করেন। আবেদনটি বিবেচনার জন্য বোর্ড কর্তৃক জনাব এ কে এম পাটোয়ারীর সাক্ষাৎকার গ্রহণ করা হয়। অতঃপর জনাব এ কে এম পাটোয়ারীকে উপরোক্ত মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজগুলির জন্য প্রয়োজনীয় আর্নেস্টমানি ও কাজগুলি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বোর্ডের নিকট সিকিউরিটি হিসাবে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা জমা করিতে এবং সুষ্ঠুভাবে কাজ সম্পাদন করিতে না পারিলে সমুদয় আর্নেস্টমানি ও জমাকৃত সিকিউরিটি মানি বোর্ড কর্তৃক বাজেয়াপ্ত করিলে তাহার কোন আপত্তি থাকিবে না মর্মে সম্মত আছেন বলিয়া সাক্ষাৎকারে বক্তব্য প্রদান করেন। উক্ত প্রেক্ষিতে উপরোক্ত ২২টি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সম্পাদনের জন্য নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হইল:-

(১) এমমিক নং-১৮(২৭) এর কাজ ব্যতিরেকে অন্যান্য ২১টি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য সর্বনিম্ন দরদাতা ঠিকাদারদিগকে এমমিক নং-১৮(২৭) এর জন্য প্রদত্ত ৩৮% নিম্ন দরে কাজ করিতে সম্মত আছেন কি-না উহা লিখিতভাবে জানানোর জন্য পত্র জারী করিতে হইবে। সংশ্লিষ্ট ঠিকাদারগণ ৩৮% নিম্ন দরে কাজ করিতে সম্মত না থাকিলে উক্ত কাজসমূহ গাজী এন্ড কোং লিঃ কর্তৃক সম্পাদন করা হইবে।

(২) গাজী এন্ড কোং লিঃ এর লিখিত প্রস্তাব মোতাবেক উক্ত ফার্মের নিকট হইতে প্রয়োজনীয় আর্নেস্টমানি এবং ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা সিকিউরিটি মানি আদায়পূর্বক বোর্ডের নিয়মানুযায়ী চুক্তিপত্র সম্পাদনান্তে তাহাকে কার্যাদেশ প্রদান করা হইবে। গাজী এন্ড কোং লিঃ চুক্তি মোতাবেক কাজ সম্পাদন করিতে ব্যর্থ হইলে তাহার সমুদয় আর্নেস্টমানি, সিকিউরিটি মানি বাজেয়াপ্তপূর্বক কার্যাদেশ বাতিল করিয়া কাজগুলি সম্পাদনের জন্য পুনরায় দরপত্র আহবান করা হইল।

**প্রস্তাব নং-১৯ঃ** ঢাকা সেনানিবাসস্থিত শহীদ রমিজ উদ্দিন কলেজ নির্মাণের ৮৩,২৫,৪৮০/- টাকার মূল্যানুমান ও নকশা অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা সেনানিবাসস্থ শহীদ রমিজ উদ্দিন কলেজ নির্মাণের ৮৩,২৫,৪৮০/- টাকার মূল্যানুমান ও নকশা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। উল্লেখ্য যে, নির্মাণ কাজ আরম্ভ হওয়ার পূর্বে প্রস্তাবিত কলেজ ভবনের জন্য নির্বাচিত স্থান পরিবর্তন করিয়া বর্তমানে নির্বাচিত স্থান হইতে সম্ভবমত দক্ষিণ দিকে স্থানান্তর করার জন্য সিদ্ধান্ত গৃহীত হইল। উক্ত বিষয়ে নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠন করা হইলঃ-

| | | |
|---|---|---|
| (১) | জনাব মোঃ আজিজ খান<br>সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | - আহবায়ক |
| (২) | ফ্লাঃ লেঃ এ বি এম এ রশিদ(অবঃ)<br>সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | - সদস্য |
| (৩) | মেজর মোঃ আব্দুর রশিদ আকন্দ<br>এস এইচ ও, ঢাকা সেনানিবাস। | - সদস্য |

উক্ত কমিটি কলেজ ভবনের দক্ষিণে ভবিষ্যতে অধ্যক্ষের বাসভবনের জায়গা ছাড়িয়া এবং কলেজ ভবনের উত্তরদিকে একটি পূর্ণাংগ খেলার মাঠের জায়গা সংকুলান করিয়া প্রস্তাবিত কলেজ ভবনের স্থান নির্ধারণ করিবেন।

৮ম পৃঃদ্রঃ

প্রস্তাব নং-২০ঃ জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার ১১ নং লেইন এর ৫৩১ ও ৫৩১/এ নং বাড়ীর সম্মুখের সলিং রাস্তা সম্প্রসারণ করণের ১,৭৯,৩৯৬/- টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার ১১ নং লেইন এর ৫৩১ ও ৫৩১/এ নং বাড়ীর সম্মুখের সলিং রাস্তা সম্প্রসারণ করণের ১,৭৯,৩৯৬/- টাকার মূল্যানুমানটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা গেল।

প্রস্তাব নং-২১ঃ জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার ৩ নং লেইন এর ২২৯ নং বাড়ীর সম্মুখের রাস্তা সম্প্রসারণ করণের ৮৬,২১৩/- টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার ৩ নং লেইন এর ২২৯ নং বাড়ীর সম্মুখের রাস্তা সম্প্রসারণ করণের ৮৬,২১৩/- টাকার মূল্যানুমানটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা গেল।

প্রস্তাব নং-২২ঃ ঢাকা সেনানিবাস বাজার এলাকার ৬৫/সি নং প্লটে প্রথম শ্রেণীর (দুই ইউনিট) বাসস্থান নির্মাণের ৩৩,৫১,৫০০/- টাকার মূল্যানুমান ও নকশা অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা সেনানিবাস বাজার এলাকার ৬৫/সি নং প্লটে প্রথম শ্রেণীর (দুই ইউনিট) বাসস্থান নির্মাণের ৩৩,৫১,৫০০/- টাকার মূল্যানুমান ও নকশা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা গেল।

প্রস্তাব নং-২৩ঃ ঢাকা সেনানিবাস বাজার এলাকার রাস্তা ও ড্রেন মেরামতের ৭,৯৬,৫৬৯/- টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা সেনানিবাস বাজার এলাকার রাস্তা ও ড্রেন মেরামতের ৭,৯৬,৫৬৯/- টাকার মূল্যানুমানটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা গেল।

প্রস্তাব নং-২৪ঃ মুসলিম মডার্ণ একাডেমী হইতে মিরপুর লিংক রোড পর্যন্ত রাস্তার পার্শ্বে পাকা ড্রেন ও আর সি সি স্লাব নির্মাণের ৫,৫৩,৫৪৩/- টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- মুসলিম মডার্ণ একাডেমী হইতে মিরপুর লিংক রোড পর্যন্ত রাস্তার পার্শ্বে পাকা ড্রেন ও আর সি সি স্লাব নির্মাণের ৫,৫৩,৫৪৩/- টাকার মূল্যানুমানটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা গেল।

প্রস্তাব নং-২৫ঃ মহাখালী ডি ও এইচ এস এর ২৭ হইতে ৩১ নং রাস্তা এবং ২৭ হইতে ২৮ ও ৩১ হইতে ৩২ নং সংযোগ রাস্তা মেরামত ও কার্পেটিং এর ২৬,৫৬,৪৩৬/- টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ। এ প্রসংগে 'সভূসে' অধিদপ্তরের ০৯-১-৯৭ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২০৮-৫/শা-৮/৪৩ নং পত্র উপস্থাপন করা হইল। উক্ত কাজটি সমাপ্ত হওয়ায় উহা বুঝিয়া নেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- হ্যান্ডিং কমিটি কর্তৃক কাজটি বুঝিয়া নেওয়াসহ সংশোধিত মূল্যানুমান সম্পর্কে প্রতিবেদন পরবর্তী সভায় পেশ করিবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-২৬ঃ বনানী ডি ও এইচ এস এলাকার মেইন রোড প্রশস্ত করণ এবং প্লট নং-৬০ এ হইতে ৫ নং প্লট পর্যন্ত রাস্তা কার্পেটিং এর কাজটি মেসার্স ফ্রেন্ডস কর্ণার কর্তৃক সম্পন্ন করায় কাজটি বুঝিয়া নেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা।

গৃহীত সিদ্ধান্তঃ- অদ্যকার সভার ৩৭ নং সিদ্ধান্তমূলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্পসমূহ সম্পন্ন হওয়ার পর বুঝিয়া নেওয়ার জন্য গঠিত হ্যান্ডিং কমিটি কর্তৃক এএ কাজ বুঝিয়া নেওয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-২৭ঃ বনানী ডি ও এইচ এস এলাকার প্লট নং-১০৭ ও ১০৮ এর সম্মুখে রাস্তা নির্মাণের কাজটি মেসার্স ফ্রেন্ডস কর্ণার কর্তৃক সম্পন্ন করায় কাজটি বুঝিয়া নেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা।

গৃহীত সিদ্ধান্তঃ- অদ্যকার সভার ৩৭ নং সিদ্ধান্তমূলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্পসমূহ সম্পন্ন হওয়ার পর বুঝিয়া নেওয়ার জন্য গঠিত হ্যান্ডিং কমিটি কর্তৃক এএ কাজ বুঝিয়া নেওয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

বনানী ডি ও এইচ এস এলাকার রোড নং-১,২,৩,৪,৫,৬, ইস্টার্ণ রোড, ওয়েস্টার্ণ রোড,
**প্রস্তাব নং-২৮ঃ** মেরামত ও সীলকোটের কাজটি মেসার্স ফ্রেন্ডস কর্ণার
লেইন ১,২,৩,৬/এ,৬/বি এবং ৬/সি এর মেরামত ও সীলকোটের কাজটি মেসার্স ফ্রেন্ডস কর্ণার
কর্তৃক সম্পন্ন করায় কাজটি বুঝিয়া নেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** অদ্যকার সভার ৩৭ নং সিদ্ধান্তমূলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্পসমূহ সম্পন্ন হওয়ার
পর বুঝিয়া নেওয়ার জন্য গঠিত স্ট্যান্ডিং কমিটি কর্তৃক এত্র কাজ বুঝিয়া নেওয়ার সর্বসম্মতিক্রমে
সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-২৯ঃ** মহাখালী ডি ও এইচ এস এলাকায় শিশু পার্কের উত্তর পার্শ্বের ড্রেনের কাজটি মেসার্স দি ইঞ্জিনিয়ার্স
সেন্ডিকেট কর্তৃক সম্পন্ন করায় কাজটি বুঝিয়া নেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** অদ্যকার সভার ৩৭ নং সিদ্ধান্তমূলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্পসমূহ সম্পন্ন হওয়ার
পর বুঝিয়া নেওয়ার জন্য গঠিত স্ট্যান্ডিং কমিটি কর্তৃক এত্র কাজ বুঝিয়া নেওয়ার সর্বসম্মতিক্রমে
সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-৩০ঃ** জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার পূর্ব পার্শ্বের লেইন ৯ হইতে ১৩ এর পূর্ব প্রান্ত পর্যন্ত সীমানা
প্রাচীর নির্মাণ কাজটি মেসার্স গাজী এন্ড ব্রাদার্স কর্তৃক সম্পন্ন করায় কাজটি বুঝিয়া নেওয়ার ব্যাপারে
সিদ্ধান্ত গ্রহণ করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** অদ্যকার সভার ৩৭ নং সিদ্ধান্তমূলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্পসমূহ সম্পন্ন হওয়ার
পর বুঝিয়া নেওয়ার জন্য গঠিত স্ট্যান্ডিং কমিটি কর্তৃক এত্র কাজ বুঝিয়া নেওয়ার সর্বসম্মতিক্রমে
সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-৩১ঃ** ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ট্রেনসিং গ্রাউন্ডের স্থান নির্বাচন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন সামরিক ও বেসামরিক এলাকা হইতে ময়লা-আবর্জনা সংগ্রহ
করিয়া ক্যান্টনমেন্ট সুপার মার্কেট সংলগ্ন উত্তর পার্শ্বস্থ নীচু জায়গায় বোর্ড কর্তৃক ডাম্প করার
ব্যবস্থা ছিল। বর্তমানে উক্ত নীচু জায়গা সম্পূর্ণরূপে ভরাট হইয়া যাওয়ার প্রেক্ষিতে মার্চ'৯৭ হইতে
ময়লা-আবর্জনা ডাম্প করার নিমিত্তে নূতন একটি ট্রেনসিং গ্রাউন্ডের ব্যবস্থা করা অত্যাবশ্যক
হইয়া পড়িয়াছে। বিষয়টির গুরুত্ব অনুধাবন করিয়া সভায় বিশদ আলোচনান্তে ক্যান্টনমেন্ট
সুপার মার্কেট সংলগ্ন পুকুরটি ময়লা-আবর্জনা ডাম্প করিয়া ভরাট করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে
গৃহীত হয়। আলোচনাকালে জানা যায় যে, উক্ত পুকুরটি মাছ চাষের নিমিত্তে ইজারা প্রদানের
পদক্ষেপ ইতোপূর্বে নেওয়া হয় এবং সর্বোচ্চ ডাককারীকে ইজারা প্রদানের প্রস্তাবটি বর্তমানে
প্রতিরক্ষা মন্ত্রনালয়ের অনুমোদনের অপেক্ষায় আছে। এমতাবস্থায় উক্ত পুকুরটির ইজারা প্রদানের
প্রস্তাব বাতিল করিয়া পুকুরটির জায়গা ট্রেনসিং গ্রাউন্ড হিসাবে ব্যবহার করার ব্যাপারে যথাযথ
কর্তৃপক্ষের অনুমোদন নেওয়ার পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-৩২ঃ** ঢাকা সেনানিবাস বাজার এলাকায় বোরওয়েল লিমিটেড কর্তৃক গভীর নলকূপ স্থাপনের সময়সীমা
গত ০২-২-৯৭ ইং তারিখে শেষ হইয়া যাওয়ায় উক্ত কাজের সময়সীমা আগামী ১৫-৪-৯৭ ইং
তারিখ পর্যন্ত বর্ধিত করণের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারের পেশকৃত ০২-২-৯৭ ইং তারিখের
আবেদনপত্র বিবেচনা করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা সেনানিবাস বাজার এলাকায় বোরওয়েল লিমিটেড কর্তৃক গভীর নলকূপ স্থাপনের সময়সীমা
প্রার্থীতমতে ১৫-৪-৯৭ ইং পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

**প্রস্তাব নং-৩৩ঃ** বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের ছাত্র/ছাত্রীদের ১৯৯৭ ইং সালের শিক্ষা সফর অনুষ্ঠান সফল
করার নিমিত্তে আনুসাংগিক খরচ বাবদ ৫৩,১৭৫/- টাকা ব্যয় অনুমোদন করণ। এ প্রসংগে
উক্ত স্কুলের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক পেশকৃত ১৫-২-৯৭ ইং তারিখের পত্র নং-সিবিডি/বিআইএস/
০২২/ট্যুর/ডিওসি উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের ছাত্র/ছাত্রীদের ১৯৯৭ সনের প্রথম শিক্ষা সফর অনুষ্ঠানের
নিমিত্তে আনুসাংগিক খরচ বাবদ ৫৩,১৭৫.০০ টাকার ব্যয়ের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন
করা হইল।

১০ম পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-৩৪ঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটস্থিত ত্রিকোনাকার পার্কের উত্তর ও পশ্চিম দিকের দুইটি রাস্তা ১৬ ফিট করিয়া প্রশস্থ করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে মেজর (অবঃ) আবদুস সাত্তার (অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব, বাংলাদেশ সরকার) ডি এম সি-১৭, উত্তর কাফরুল, ঢাকা সেনানিবাস এর ১৭-২-৯৭ ইং তারিখের পত্র উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি সভায় আলোচনান্তে বোর্ডের সভাপতি মহোদয় কর্তৃক স্থানটি সরেজমিনে পরিদর্শনপূর্বক পরবর্তী সভায় নিষ্পত্তির জন্য উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

**প্রস্তাব নং-৩৫ঃ** ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সম্মুখের রাস্তা মেরামত ও কার্পেটিং করণের দরপত্র জমা করার সময় বাঁধা দেওয়া প্রসংগে মেট্রোপলিটন বিল্ডার্স কর্তৃক পেশকৃত ২০-১-৯৭ ইং তারিখের আবেদনপত্র এর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি সভায় আলোচনাকালে দেখা যায় যে, মেট্রোপলিটন বিল্ডার্স কর্তৃক পেশকৃত অভিযোগটি একটিপূর্ণ। উক্ত প্রেক্ষিতে আবেদনটি বিবেচনা করার কোন অবকাশ নাই মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

**প্রস্তাব নং-৩৬ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা এডভোকেট জনাব মোঃ মফিজুর রহমানকে ১৯৯৭ সনের জন্য নিয়োগ প্রদান সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা এডভোকেট জনাব মোঃ মফিজুর রহমানকে পূর্বের শর্তে ১৯৯৭ সনের জন্য নিয়োগ বহাল রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

**প্রস্তাব নং-৩৭ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্প সম্পন্ন হওয়ার পর প্রকল্পসমূহ বুঝিয়া নেওয়ার ব্যাপারে একটি স্ট্যান্ডিং কমিটি গঠন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি সম্পর্কে সভায় বিশদ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্প, মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ সম্পন্ন হওয়ার পর বুঝিয়া নেওয়ার ব্যাপারে নিম্নোক্তভাবে একটি স্ট্যান্ডিং কমিটি গঠন করা হইলঃ-

| | | |
|---|---|---|
| (ক) | ফ্লাঃ লেঃ এ বি এম এ রশিদ (অবঃ)<br>সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | - আহবায়ক |
| (খ) | সি এম ই এস (আর্মি),<br>ঢাকা সেনানিবাস এর প্রতিনিধি। | - সদস্য |
| (গ) | ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার,<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | - সদস্য |
| (ঘ) | প্রকল্প বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী | - সদস্য |

উক্ত কমিটি বোর্ডের সম্পন্নকৃত প্রকল্প, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজসমূহ বুঝিয়া নিয়া প্রয়োজনীয় প্রতিবেদন বোর্ড সভায় পেশ করিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-৩৮ঃ** জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার আর সি সি পাইপ ড্রেন নির্মাণের জন্য কর্তৃপক্ষ কর্তৃক প্ল্যান ও ৯৪,৫৩,৯১৬/- টাকার মূল্যানুমান অনুমোদন পাওয়া গিয়াছে বিধায় প্রকল্পটি বাস্তবায়নের পদ্ধতি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার জন্য অনুমোদিত আর সি সি পাইপ ড্রেন নির্মাণের প্রকল্পটি একটিমাত্র গ্রুপে বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল। ইহাছাড়া উক্ত প্রকল্পের জন্য দরপত্র পাওয়ার ক্ষেত্রে আগ্রহী ঠিকাদারকে অবশ্যই একক কার্যাদেশে কমপক্ষে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার প্রকল্প সুষ্ঠুভাবে সম্পাদনের সনদপত্র উপস্থাপন করিতে হইবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হইল। ইহাছাড়া শহীদ রমিজ উদ্দিন কলেজ ভবন নির্মাণের টেন্ডার আহবানের ক্ষেত্রেও একই শর্ত প্রযোজ্য হইবে।

১১ পৃঃ দ্রঃ

**প্রস্তাব নং-৩৯ঃ** ঢাকা সেনানিবাসের নিয়ন্ত্রনাধীন ডি ও এইচ এস এবং বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের জন্য দাখিলকৃত ২৬টি নকশা বিল্ডিং "বাই-ল" অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হইয়াছে। উক্ত নকশাগুলি পর্ষদ সভায় অবগতির জন্য উপস্থাপন করা হইলঃ-

| ক্রমিক নং | প্লটের মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল আহমেদ আলী | ২৪৫ | জোয়ারসাহারা ডি ও এইচ এস | |
| ২। | ব্রিগেডিয়ার মোহাম্মদ নূরুল হক | ৩৭৯ | -ঐ- | |
| ৩। | ব্রিগেডিয়ার এ এস এম নজরুল ইসলাম | ৩৩৬ | -ঐ- | |
| ৪। | লেঃ কর্ণেল গাজী বেলায়েত হোসেন | ৪৪৫ | -ঐ- | |
| ৫। | কর্ণেল আসগর কাদেরী (অবঃ) | ৩৫২ | -ঐ- | |
| ৬। | কর্ণেল শামসুদ্দিন আহমেদ | ২৬৬ | -ঐ- | |
| ৭। | কর্ণেল এ এস এম মাহবুবুর রহমান | ১৩৪ | -ঐ- | |
| ৮। | উইং কমান্ডার শেখ বদরুজ্জামান | ৪৯৩ | -ঐ- | |
| ৯। | মেজর মোজাফ্ফর আহমেদ | ৪৩৯ | -ঐ- | |
| ১০। | ক্যাপ্টেন বজলুর রহমান | ৫২১ | -ঐ- | (সংশোধিত) |
| ১১। | ব্রিগেডিয়ার সৈয়দ আহসান করিম | ২০০ | -ঐ- | -ঐ- |
| ১২। | লেঃ কর্ণেল এ কে এম নূরুল হুদা | ৪০১ | -ঐ- | -ঐ- |
| ১৩। | মেজর তফসির আহমেদ (অবঃ) | ২৭৩ | -ঐ- | -ঐ- |
| ১৪। | কর্ণেল মোস্তাক আহমেদ | ৩১৪ | -ঐ- | -ঐ- |
| ১৫। | মেজর মোঃ সোলায়মান খান (অবঃ) | ২৭২ | -ঐ- | -ঐ- |
| ১৬। | লেঃ কর্ণেল এমদাদ উদ্দিন আহমেদ | ১৪৫ | -ঐ- | -ঐ- |
| ১৭। | গ্রুপ ক্যাপ্টেন নজমুল হক চৌধুরী | ৩৭১ | -ঐ- | |
| ১৮। | কাজী মহাম্মদ মহসীন ও মোঃ জালাল উদ্দিন | ৫০৫ | মহাখালী ডি ও এইচ এস | |
| ১৯। | ব্রিগেডিয়ার ছাদেক হুসাইন | বি/১৮৫ | -ঐ- | |
| ২০। | জনাব সালেহ আহমেদ চৌধুরী | বি/১৮২ | -ঐ- | (সংশোধিত) |
| ২১। | মিসেস জাহানারা কবির চৌধুরী | বি/১০৮ | -ঐ- | -ঐ- |
| ২২। | লেঃ কর্ণেল মোহাম্মদ ছালেহ উদ্দিন খান ও অন্যান্য | ৪৩৩ | -ঐ- | -ঐ- |
| ২৩। | ব্রিগেডিয়ার নাসির উদ্দিন সারোয়ার | ৩০৯ | -ঐ- | -ঐ- |
| ২৪। | বনানী ডি ও এইচ এস মসজিদ | - | বনানী ডি ও এইচ এস | |
| ২৫। | মোঃ মোহাম্মদ আকবর হোসেন | ৭৪৮ (আংশিক) | লালসরাই | (সংশোধিত) |
| ২৬। | মোঃ হাবিবুর রহমান | ১৫০ (আংশিক) | লালসরাই | |

**গৃহীত সিদ্ধান্তঃ**- অবহিত হওয়া গেল।

**প্রস্তাব নং-৪০ঃ** শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের ক্যান্টিনের ইজারাদারকে উচ্ছেদ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা। এ ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ১৭-২-৯৭ ইং তারিখের ৬১৯/৪/এ নং পত্র উপস্থাপন করা গেল।

**গৃহীত সিদ্ধান্তঃ**- শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের ক্যান্টিনটির ইজারাদারকে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস এর ১৭-২-৯৭ ইং তারিখের ৬১৯/৪/এ নং পত্রের নির্দেশ ও বোর্ডের ইতোপূর্বে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক উচ্ছেদ করার পুনঃসিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

**প্রস্তাব নং-৪১ঃ** ঢাকা সেনানিবাসস্থিত শহীদ সরণীর উপর ৫০ মিঃমিঃ পুরু কার্পেটিং কাজের জন্য ঢাকা সিটি কর্পোরেশনের প্রদত্ত শহীদ বাশার রোড হইতে শহীদ জাহাংগীর গেইট পর্যন্ত ২,০৩,৭০,০৫০/- টাকা এবং শহীদ বাশার রোড হইতে শহীদ মঈনুল রোড পর্যন্ত ১,১৮,৮১,৮৬৬/- টাকার মূল্যানুমান ও নকশা অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ**- ঢাকা সেনানিবাসস্থিত শহীদ সরণীর উপর ৫০ মিঃমিঃ পুরু কার্পেটিং কাজের জন্য ঢাকা সিটি কর্পোরেশনের প্রদত্ত শহীদ বাশার রোড হইতে শহীদ জাহাংগীর গেইট পর্যন্ত ২,০৩,৭০,০৫০/- টাকার এবং শহীদ বাশার রোড হইতে শহীদ মঈনুল রোড পর্যন্ত ১,১৮,৮১,৮৬৬/- টাকার মূল্যানুমান দুইটি সম্পর্কে বিশদ আলোচনা করা হইল। আলোচনান্তে জানা যায় যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হইতে শহীদ সরণীতে কার্পেটিং কাজের জন্য মোট এক কোটি টাকা পাওয়া গিয়াছে। অপরদিকে সড়কটি শহীদ বাশার রোড হইতে কমপক্ষে শহীদ আনোয়ার গার্লস কলেজের দক্ষিন সীমানা পর্যন্ত অর্থাৎ কচুক্ষেত-বনানী লিংক রোডের ক্রসিং পর্যন্ত কার্পেটিং কাজ সম্পাদন হওয়া প্রয়োজন বলিয়া সভায় সর্বসম্মতিক্রমে মতামত প্রকাশ করা হয়। এমতাবস্থায় সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রয়োজনীয় অর্থ ও সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

১২ পৃঃদ্রঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০-২-৯৭ ইং তারিখের সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশ।

## সংশোধনী

X X X X

**প্রস্তাব নং-৪৪** বিবিধঃ

X X X X

* (খ) বিএসএস-১৬৭৪ লেঃ কর্ণেল আমির আযম খান, ই বেংগল, সেনাসদর, এ জির শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর স্ত্রী মরহুমা আনোয়ারা বেগম এর কবরের পার্শ্বের স্থান তাঁহার নিজের জন্য সংরক্ষণ করার ইচ্ছা পোষণের ২৬-১২-৯৬ ইং তারিখের আবেদনপত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ এর স্থলে পড়ুনঃ-

" বিএসএস-১৬৭৪ লেঃ কর্ণেল আমির আযম খান, ই বেংগল, সেনাসদর, এ জির শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর স্ত্রী মরহুমা মিসেস আনোয়ারা বেগম এর কবর পাকা করার ব্যাপারে তাহার ২২-১২-৯৬ ইং তারিখের আবেদনপত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ।"

**গৃহীত সিদ্ধান্তঃ** (খ) বিএসএস-১৬৭৪ লেঃ কর্ণেল আমির আযম খান, ই বেংগল, সেনাসদর, এ জির শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর স্ত্রী মরহুমা মিসেস আনোয়ারা বেগম এর কবরের পার্শ্বের স্থান তাঁহার নিজের জন্য সংরক্ষণ করার ইচ্ছা পোষণের ২৬-১২-৯৬ ইং তারিখের আবেদনপত্র **বিবেচনান্তে অনুমোদন করা গেল - এর স্থলে পড়ুন :-**

" বিএসএস-১৬৭৪ লেঃ কর্ণেল আমির আযম খান, ই বেংগল, সেনাসদর, এ জির শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর স্ত্রী মরহুমা মিসেস আনোয়ারা বেগম এর কবর পাকা করার ব্যাপারে তাঁহার ২২-১২-৯৬ ইং তারিখের আবেদনপত্র বিবেচনান্তে অনুমোদন করা গেল।"

০৯/৩/৯৭

( মোঃ আব্দুল হক )
ক্যান্টনমেন্ট এক্জিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

প্রস্তাব নং-৪২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেট এলাকায় বাজার কমিটির অফিস সংলগ্ন পশ্চিম পার্শ্বে ছয়টি প্রস্রাবখানা এবং বাজারের পুর্ব প্রান্তে এম ই এস কোয়ার্টারের সীমানা দেওয়াল সংলগ্নস্থানে ছয়টি প্রস্রাবখানা নির্মাণ বাবদ ৭৯,১৩৭.৪২ টাকার মুল্যানুমান ও নকশা অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেট এলাকায় বাজার কমিটির অফিস সংলগ্ন পশ্চিম পার্শ্বের খালি জায়গায় ছয়টি প্রস্রাবখানা এবং সুপার মার্কেটের পূর্বপ্রান্তে এম ই এস কোয়ার্টারের সীমানা দেওয়াল সংলগ্নস্থানে ছয়টি প্রস্রাবখানা নির্মাণ বাবদ প্রস্তুতকৃত ৭৯,১৩৭.৪২ টাকার মুল্যানুমান ও নকশা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-৪৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে মিরপুর লিংক রোড সংলগ্ন খালি জায়গায় সুপার মার্কেটের মাষ্টার প্ল্যান অনুযায়ী গাড়ী পার্কিং এর জন্য হার্ডষ্ট্যান্ড নির্মাণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা।

গৃহীত সিদ্ধান্তঃ- বিষয়টি সভায় বিশদ আলোচনান্তে দেখা যায় যে, প্রস্তাবিত স্থানে গাড়ী পার্কিং এর জন্য আসন্ন বর্ষা মৌসুমের পুর্বেই একটি হার্ডষ্ট্যান্ড নির্মাণ অত্যাবশ্যক। এমতাবস্থায় হার্ডষ্ট্যান্ড নির্মাণের জন্য প্রস্তুতকৃত ৮,৭৯,৪৫৩.৫০ টাকার মুল্যানুমান ও নকশা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-৪৪ঃ বিবিধঃ

(ক) লেঃ কর্ণেল এম ইসলাম(অবঃ) বাড়ী নং-৪৬, রোড নং-৮, সেকশন-৩, উত্তরা মডেল টাউন, ঢাকা এর স্ত্রী মরহুমা নিলুফার বেগম এর কবর পাকা করার ব্যাপারে তাঁহার ১১-১২-৯৬ ইং তারিখের আবেদনপত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(খ) বিএসএস-১৬৭৪ লেঃ কর্ণেল আমির আযম খান, ই বেংগল, সেনাসদর, এ জি'র শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর স্ত্রী মরহুমা আনোয়ারা বেগম এর কবরের পার্শ্বের স্থান তাঁহার নিজের জন্য সংরক্ষণ করার ইচ্ছা পোষণের ২৬-১২-৯৬ ইং তারিখের আবেদনপত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- (ক) লেঃ কর্ণেল এম ইসলাম(অবঃ) বাড়ী নং-৪৬, রোড নং-৮, সেকশন-৩, উত্তরা মডেল টাউন এর স্ত্রী মরহুমা নিলুফার বেগম এর কবর পাকা করার ব্যাপারে তাঁহার ১১-১২-৯৬ ইং তারিখের আবেদনপত্র বিবেচনান্তে অনুমোদন করা গেল।

(খ) বিএসএস-১৬৭৪ লেঃ কর্ণেল আমির আযম খান, ই বেংগল, সেনাসদর, এ জি'র শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর স্ত্রী মরহুমা আনোয়ারা বেগমের কবরের পার্শ্বের স্থানটি তাঁহার নিজের জন্য সংরক্ষণ করার ইচ্ছা পোষণের ২৬-১২-৯৬ ইং তারিখের আবেদনপত্র বিবেচনান্তে অনুমোদন করা গেল।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করা হইল।

২০।২।৯৭
(মোঃ আব্দুল হক)
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল আব্দুস সালাম চৌধুরী)
প্রেসিডেন্ট
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।